ইত্তেফাক

তারিখ ১৬/১/৮০
পৃষ্ঠা ২ ২

480

# পরীক্ষার্থীদের কেন্দ্র পরিবর্তনের হিড়িক!

সন্দীপ (চট্টগ্রাম), ১৫ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা) সন্দীপ সরকারী কলেজ হইতে আসন্ন এইচ, এস, সি পরীক্ষার্থীরা এবং বিভিন্ন স্কুল হইতে এস, এস, সি পরীক্ষার্থীরা হাতিয়াসহ চট্টগ্রামের কয়েকটি পরীক্ষা কেন্দ্রে যাইয়া পরীক্ষা দেওয়ার জন্য ভীড় জমাইতেছে। সন্দীপ সরকারী ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান, দুই বৎসর সন্দীপ ডিগ্রী কলেজে পড়িয়া পরীক্ষার ফরম পূরণ করার জন্য প্রায় এক চতুর্থাংশ ছাত্র 'আপত্তি-বিহীন সনদপত্র' এবং ট্রান্সফার সার্টিফিকেট লইয়া সাগরপাড়ি দিয়া হাতিয়া দ্বীপের দুইটি পরীক্ষা কেন্দ্রে ভীড় জমাইতেছে। গত কয়েক বৎসর ধরিয়া পরীক্ষায় ফেল করা অনেক ছাত্র ঐ সকল কেন্দ্র হইতে পরীক্ষা দিয়া ভালভাবে উত্তীর্ণ হইয়াছে। এমনকি সন্দীপ কলেজের কয়েকজন অকৃতকার্য ছাত্র টি, সি অথবা 'আপত্তি-বিহীন সনদপত্র' ছাড়াই ঐ সকল চিহ্নিত পরীক্ষাকেন্দ্রে যাইয়া পরীক্ষা দিয়া পাস করিয়াছে। এই অবস্থার ফলে সন্দীপ কলেজে শিক্ষার স্বাভাবিক পরিবেশ ভাঙ্গিয়া পড়ার উপক্রম হইয়াছে।

## সিরাজগঞ্জ

সিরাজগঞ্জ (পাবনা) হইতে আমাদের সংবাদদাতা জানান, চলতি বৎসর এস, এস, সি পরীক্ষার্থীদের সেণ্টার পরিবর্তনের হিড়িক পড়িয়াছে। মহকুমা সদরের বিভিন্ন স্কুলের

(৫ম পৃঃ দ্রঃ)

# কেন্দ্র পরিবর্তনের হিড়িক

( ৩য় পৃঃ পর )

বহু পরীক্ষার্থী পল্লী এলাকার বিভিন্ন কেন্দ্রে পরীক্ষা দেওয়ার জন্য ফরম পূরণ করে। শহরের স্কুলগুলিতে পরীক্ষার্থীর সংখ্যা গত বৎসরের তুলনায় অর্ধেকে নামিয়া আসিয়াছে। অপরদিকে মফস্বলের কেন্দ্রগুলিতে পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পাইয়াছে।

## অতিরিক্ত ফী আদায়ের অভিযোগ

সুনামগঞ্জ (সিলেট) হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, তাহিরপুর থানার একটি হাইস্কুলে এস এস, সি পরীক্ষার্থীদের নিকট হইতে পরীক্ষার ফি বাবদ ৪ শত হইতে সাড়ে ৪ শত টাকা করিয়া আদায় করা হইয়াছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। প্রকাশ, ফি বাবদ আদায়কৃত অতিরিক্ত অর্থের জন্য কোন রসিদ দেওয়া হয় না।

007